# স ন হ আরঙ্গজেব, মহাপরিচালক (অবঃ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

বিশিষ্ট তুলা গবেষক, উদ্ভিদ বিজ্ঞানী জনাব স ন হ আরংজেব ২৩ নভেম্বর ১৯৯২ হতে ০৯ জানুয়ারী ১৯৯৪ পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক (চলতি দায়িত্ব) ছিলেন। বারির মহাপরিচালকের দায়িত্বের পূর্বে জনাব স ন হ আরঙ্গজেব ১৭ নভেম্বর ১৯৮৯ হতে ২২ নভেম্বর ১৯৯২ পর্যন্ত সদস্য পরিচালক (শস্য) হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ দায়িত্ব পালন করেন। অত:পর, ১০ জানুয়ারী ১৯৯৪ এ তিনি সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন। জনাব স ন হ আরংজেব ১৯৫৯ সালের ২৭ জুলাই তৎকালীন কৃষি গবেষণা ইনস্টিটিউট এ কটন ব্রিডার হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিত ভাবে কটন বোটানিস্ট পদে যথাসময়ে পদোন্নতি প্রাপ্ত হন। জনাব স ন হ আরংজেব ১ সেপ্টেম্বর ১৯৭৭ সালে তুলা উন্নয়ন বোর্ড এ নির্বাহী পরিচালক হিসেবে যোগদান করেন। একই সময়ে তিনি অতিরিক্ত পরিচালক কৃষি (গবেষণা ও শিক্ষা) পদে সফলভাবে দায়িত্ব পালন করেন। এছাড়া জনাব স ন হ আরংজেব ০৯ সেপ্টেম্বর ১৯৮৯ হতে ১৬ সেপ্টেম্বর ১৯৮৯ সাল পর্যন্ত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

জনাব স ন হ আরঙ্গজেব দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নাল ও ম্যাগাজিনে বিভিন্ন গবেষণা নিবন্ধ/পপুলার প্রবন্ধ প্রকাশ করেছেন। এছাড়াও তিনি দৈনিক ও মাসিক পত্রিকায় নিয়মিতভাবে বিজ্ঞান গবেষণা বিষয়ক বিভিন্ন নিবন্ধ প্রকাশ করেছেন। তিনি তুলা চাষ গবেষণায় বাংলাদেশে বেশ সুপরিচিত ছিলেন। তিনি বাংলাদেশে তুলা চাষ গবেষণা, উচ্চ ফলনশীলচ জাত উদ্ভাবন, চাষ সম্প্রসারন এ বিশেষ অবদান রেখেছেন।

জনাব স ন হ আরংজেব বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ এবং সিম্পোজিয়ামে যোগদানের উদ্দেশ্যে, ভারত, শ্রীলঙ্কা, নেপাল, অস্ট্রেলিয়া, জাপান সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন। কর্মজিবনে তিনি বিভিন্ন প্রতিষ্ঠান হতে বিভিন্ন অ্যাওয়ার্ড এ ভূষিত হয়েছেন।

ব্যক্তিগত জীবনে জনাব আরঙ্গজেব ০২ (দুই) কন্যা সন্তানের জনক। এ স্বনামখ্যাত কৃষি বিজ্ঞানী ১৯৩৭ সালের ১লা নভেম্বের ঢাকায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তার পিতার নাম **সৈয়দ** ফজলে রহিম।